

২২

উচ্চ শিক্ষায় বাংলা অবহেলিত বাংলা সাহিত্যে অনার্স কোর্স নেই প্রাইভেট ইউনিভার্সিটিগুলোতে

শ্যামসুন্দর রহমান

উচ্চ শিক্ষা প্রসারের প্রতিষ্ঠিত দেশের ৫২টি প্রাইভেট ইউনিভার্সিটির একটি ছাড়া আর কোনোটিতে বাংলা সাহিত্যে অনার্স, মাস্টার্স বা পিএইচডি কোর্স নেই। শিক্ষাবিদসহ অনেকে অভিযোগ করেছেন, এসব ইউনিভার্সিটি মূলত ব্যবসায়িক মনোভাব নিয়ে গড়ে ওঠায় বাংলার প্রতি কোনো নজর দিচ্ছে না। প্রাইভেট ইউনিভার্সিটিগুলো বাংলাকে গুরুত্ব না দিয়ে পশ্চিম ও ইউরোপের শিক্ষা ব্যবস্থাকে গুরুত্ব দিচ্ছে বলে অভিযোগ করেন শিক্ষাবিদরা। ইউজিসি সূত্র জানায়, কোনো প্রাইভেট

ইউনিভার্সিটি যদি বাংলায় অনার্স কোর্স চালু করতে চায় সে ক্ষেত্রে তাদের জন্য আইন কিছুটা শিথিল করা হবে। অর্থাৎ অনার্স চালু করতে যেসব ক্রাইটেরিয়াম মানতে হয় বাংলার ক্ষেত্রে ঠাট্টা দেয়া হবে। বর্তমান ইউজিসি চেয়ারম্যান বিভিন্ন প্রাইভেট ইউনিভার্সিটির সমাবর্তনে বাংলায় অনার্স চালুর ব্যাপারে কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছেন। ইউজিসি সূত্রে জানা যায়, একমাত্র এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশে বিএ অনার্স ইন বেসলি নামে একটি কোর্স রয়েছে। ওয়াশা শাও-মারিয়াম ইউনিভার্সিটি অফ পুয়াইল্যান্ডে ক

বাংলা সাহিত্যে অনার্স

(শেষ পৃষ্ঠার পর)

বাংলা সাহিত্যে অনার্স খোলার অনুমতি নেয়া হয়েছে। চলতি শিক্ষা বর্ষ থেকেই শিক্ষার্থী ভর্তি করা হবে।

শিক্ষাবিদরা বলেন, অক্সফোর্ড ইউনিভার্সিটিতে জাতীয় কবি নজরুলের কবিতা পড়ানো হচ্ছে। ফ্রান্সে বাংলা ডিপার্টমেন্ট রয়েছে। এছাড়া জার্মানিসহ ইউরোপের অনেক দেশে বাংলা সাহিত্য পড়ানো হয়। কিন্তু বাস্তবিক হয়ে বাংলা সাহিত্য ও কবিতা সম্পর্কে প্রাইভেট ইউনিভার্সিটির শিক্ষার্থীরা কিছুই জানতে বা শিখতে পারছে না।

ঢাকা ইউনিভার্সিটির বাংলা বিভাগের মাস্টার্স করা ছাত্র গোলাম মোর্শেদ রাসেল বলেন, ইংরেজি সাহিত্য আমাদের দেশে যেভাবে ডর করে আছে সেটা বাংলার ক্ষেত্রে হয়নি। ভাবটা এমন যেন বাংলাকে যতটা পারা যায় এড়িয়ে চলা। তিনি বলেন, প্রতিটি প্রাইভেট ইউনিভার্সিটিতে বাংলায় অনার্স থাকা উচিত। অনার্স চালু করা সম্ভব না হলে অন্তত বাংলা ভাষা, সাহিত্য ও এ দেশের ইতিহাস সমৃদ্ধ সাপ্লিমেন্টারি কোর্স প্রত্যেক শিক্ষার্থীর জন্য বাধ্যতামূলক করা উচিত। এসব ইউনিভার্সিটি হয়তো ব্যবসায়িক দিক চিন্তা করে তা করবে না। তাই সরকারের উচিত এ ব্যাপারে একটি আইন করে দেয়া, যা সব প্রাইভেট ইউনিভার্সিটি মানতে বাধ্য থাকবে। এ বিষয়ে ইউজিসির চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম যায়যায়দিনকে বলেন, আমি

দায়িত্ব নেয়ার পর থেকে প্রাইভেট ইউনিভার্সিটির কর্তৃপক্ষকে বাংলায় অনার্স খোলার জাগিদা দেয়া হচ্ছে। অনেকে সাড়া দিচ্ছে। তিনি বলেন, কোনো প্রাইভেট ইউনিভার্সিটি যদি বাংলায় অনার্স খোলার অগ্রহ প্রকাশ করে তবে তাদের সব রকম সহযোগিতা দেয়া হবে।

ঢাকা ইউনিভার্সিটির বাংলা বিভাগের চেয়ারম্যান প্রফেসর আবুল কাশেম ফজলুল হক যায়যায়দিনকে বলেন, দেশের এসব ইউনিভার্সিটির সিলেবাসে বাংলা ভাষা পুস্তকের কথা বাংলাদেশ সম্পর্কে কোনো কিছু শেখানো হচ্ছে না।

এটা দেশের ভবিষ্যতের জন্য ভালো ফল বয়ে আনবে না। প্রাইভেট ইউনিভার্সিটিগুলোতে বাংলা বিষয়ে অনার্স কোর্স থাকা উচিত। তিনি বলেন, ইউজিসি বাংলা ভাষা বা বাংলাদেশ সম্পর্কে বা কোনো বিষয়ে অনার্স কোর্স সিলেবাসে অন্তর্ভুক্তির ব্যাপারটি প্রাইভেট ইউনিভার্সিটিগুলোর ওপর ছেড়ে দিয়েছে। ফলে তারা এ সুযোগ নিয়ে তাদের ইচ্ছামতো কোর্স চালু করেছে। বাংলাকে প্রাধান্য না দিয়ে চাকরি নির্ভর বিষয়ের প্রতি বেশি জোর দিচ্ছে। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থায় অতীত, বর্তমান ও ভবিষ্যৎ বিষয় থাকা উচিত। কিন্তু আমাদের দেশে হয়ে গেছে তার উল্টো। প্রাইভেট ইউনিভার্সিটি বাংলাকে গুরুত্ব না দিয়ে পশ্চিম ও ইউরোপের শিক্ষা ব্যবস্থাকে গুরুত্ব দিচ্ছে।